

গণ বিজ্ঞপ্তি

স্মারক নং: ৪১.০১.৯০৮৬.০০০.১৬.০০১.২২- ০৮

তারিখ: ২৭-০২-২০২২ খ্রি:

“অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য ২য় পর্যায়ে বীর নিবাস নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতা আবাসন বরাদ্দের নিমিত্ত দরখাস্ত আহবান”

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০১/২য় তালিকা ১১২/৩১৩ তারিখ : ১৬/১১/২০২১ খ্রি: পত্রের সাথে সংযুক্ত নির্দেশনা অনুসারে “অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য ২য় পর্যায়ে বীর নিবাস নির্মাণ ” শীর্ষক প্রকল্পের আওতা আবাসন বরাদ্দের নিমিত্ত কতিপয় শর্ত সাপেক্ষে গণ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

০২। ‘অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ বরাদ্দের জন্য সুবিধাভোগী নির্বাচন বিষয়ক কমিটির’ ১ নং সভার কার্যবিবরণী অনুসারে অত্র উপজেলার ৩০ জন বীর মুক্তিযোদ্ধাদের অনুকূলে বীর নিবাস বরাদ্দের জন্য সুপারিশ পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন।

আবাসন বরাদ্দের জন্য আবেদনকারীর যোগ্যতা:

০১। অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদা/বীর মুক্তিযোদ্ধাদের ওয়ারিশ যারা আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন, মুক্তিযোদ্ধার অনুকূলে অবশ্যই বীর মুক্তিযোদ্ধা কর্তৃক স্বীকৃত (ওয়েব সাইটে প্রকাশিত) ভারতীয় তালিকা, লাল মুক্তি বার্তা / বেসামরিক গেজেট / স্বীকৃত অন্যান্য গেজেট ও মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকায় নাম অন্তর্ভুক্ত থাকতে হবে।

০২। যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তান ইতিপূর্বে এ মন্ত্রণালয় বা সরকারী দপ্তর অথবা প্লট বা আবাসন বরাদ্দ পাননি বা আবাসনের জন্য কোন ঋণ পাননি তাঁরাই এই প্রকল্পের আওতায় আবাসন প্রাপ্তির যোগ্য। এ ক্ষেত্রে নিজের নামের মালিকানা সংক্রান্ত পত্র বীর মুক্তিযোদ্ধা বা তাঁর উত্তরাধীকারীগণ খাস জমির বন্দবস্ত প্রাপ্তি হলে কবুলিয়ত দলিল ও ভূমি উন্নয়ন কর প্রদানের দাখিলা দাখিল করতে হবে।

০৩। মুক্তিযোদ্ধাদের একাধিক স্ত্রী সন্তান গণের ক্ষেত্রে ৩০০/-টাকার নন জুডিশিয়াল স্টাম্পে ক্ষমতা অর্পন পত্র, উপযুক্ত ও নিষ্কটক জমি সংক্রান্ত পর্চা কমপক্ষে ১১৩১ বর্গফুট (দৈর্ঘ্য ৩৯ ফুট/প্রস্থ ২৯ ফুট) ও সংশ্লিষ্ট দলিলাদি দাখিল করতে হবে।

০৪। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র ও বীর মুক্তিযোদ্ধা এমআইএস কপি, বীর মুক্তিযোদ্ধা ও ওয়ারিশ গণের ক্ষেত্রে উত্তরাধীকার সনদ আবেদন কপির সহিত সংযুক্ত করতে হবে।

০৫। বীর নিবাস বরাদ্দের জন্য সুপারিশ প্রাপ্ত ৩০ জন বীর মুক্তিযোদ্ধা/পরিবার/ওয়ারিশগণ কর্তৃক দাখিলকৃত জমির পর্চা সমূহ, দাগ খতিয়ান, সুপারিশকৃত জমি সংক্রান্ত হালনাগাদ (দাগের স্কেচ ম্যাপ সহ) হাল নামজারি ও পর্চা যাচাই পূর্বক নামজারি নিষ্কটক ও গণবিজ্ঞপ্তির শর্ত পূরণ করে কি না তা সরেজমিনে যাচাই করে সিদ্ধান্ত গৃহীত হবে।

০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শাল্লা, সুনামগঞ্জ, সভাপতি, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ বরাদ্দের জন্য সুবিধাভোগী নির্বাচন বিষয়ক কমিটি মহোদয়ের নির্দেশ ক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হল।

দরখাস্ত জমাদানের স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয় শাল্লা, সুনামগঞ্জ। নির্ধারিত আবেদন পত্র সরাসরি গ্রহণের শেষ তারিখ ০৩-০৩-২০২২ খ্রি: বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ:

০১। জেলা প্রশাসক, সিলেট।

০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শাল্লা, সুনামগঞ্জ।

০৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।

০৪। সহকারী কমিশনার (ভূমি) শাল্লা, সুনামগঞ্জ।

০৫। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।

০৬। অফিস কপি।

বিশ্বপতি চক্রবর্তী

উপজেলা সমাজসেবা কর্মকর্তা

ও

সদস্য- সচিব

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ বরাদ্দের জন্য সুবিধাভোগী

নির্বাচন বিষয়ক কমিটি।

ফোন: ০১৭৪৬-০৮৬৪০৫

ই-মেইল: usso.sulla@dss.gov.bd